# জুলাই সনদে স্বাক্ষরের সিদ্ধান্ত এখনও হয়নি: জামায়াত




সংগৃহীত ছবি

জুলাই জাতীয় সনদে স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেওয়া প্রসঙ্গে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি জামায়াত। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সনদের আইনি ভিত্তি প্রতিষ্ঠার জন্য গণভোট অপরিহার্য।

জামায়াতে ইসলামী জুলাই জাতীয় সনদে অংশ নেবে, তবে স্বাক্ষর করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত এখনও হয়নি। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে অনুষ্ঠিত 'জুলাই জাতীয় সনদের আইনি ভিত্তি, গণভোট ও পিআর পদ্ধতিতে নির্বাচন' শীর্ষক সেমিনারে এমন মন্তব্য করেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, "গণভোট ও জাতীয় নির্বাচন একসাথে হলে বিশৃঙ্খলা সৃষ্টি হবে। নভেম্বরই গণভোটের জন্য সবচেয়ে উপযুক্ত সময়। এই সময়েই ঐকমত্য কমিশনের সকল প্রস্তাব গণভোটে অন্তর্ভুক্ত হওয়া উচিত।"

গণভোটের গুরুত্বের পাশাপাশি তিনি সরকারের কিছু কর্মকর্তার দলীয় প্রভাব নিয়ে সতর্ক করেছেন। তার বক্তব্য অনুযায়ী, প্রশাসনে পদায়ন প্রক্রিয়ায় দলীয় নির্দেশনা প্রয়োগ করা হচ্ছে।

অপরদিকে, জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আজাদ বলেন, "জুলাই সনদের আইনি ভিত্তি নিয়ে এখনও সংশয় রয়েছে। সনদের আইনি বৈধতা প্রতিষ্ঠার জন্য গণভোট অপরিহার্য। গণভোটে বাধা দিলে বিএনপির অবস্থান আওয়ামী লীগের মতো বিপর্যস্ত হবে।"

LENS ASIA